ঝিনাইদহে টিসিবির পণ্য বিক্রি শুরু

ঝিনাইদহে ভর্তুকি মূল্যে খাদ্যপণ্য বিক্রি শুরু করেছে ট্রেডিং করপোরেশন অব-বাংলাদেশ (টিসিবি)। আজ সোমবার (১৬ অক্টোবর) সকালে ঝিনাইদহ প্রেসক্লাবের সামনে এ কার্যক্রমের উদ্বোধন করেন জেলা প্রশাসক এস.এম রফিকুল ইসলাম।

সেসময় সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা সাদিয়া জেরিন, টিসিবি’র সহকারী পরিচালক আতিকুর রহমান, জেলা তথ্য অফিসার আবু বক্কর সিদ্দিক, জেলা (ভারপ্রাপ্ত) খাদ্য কর্মকর্তা তাজউদ্দিন আহমেদসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

সংশ্লিষ্টরা জানায়, এবার জেলার ৬ উপজেলায় ১০৭ জন ডিলারের মাধ্যমে ১ লাখ ২০ হাজার ১’শ ৩৩ জন ফ্যামিলি কার্ডধারী নিম্ন আয়ের পরিবারের মাঝে এসব পণ্য বিক্রি করা হবে। প্রতিটি ফ্যামিলি কার্ডে ৪’শ ৭০ টাকায় ২ কেজি মসুরের ডাল, ২ লিটার সয়াবিন তেল ও ৫ কেজি চাউল মিলবে।

ঝিনাইদহে দুর্গাপূজার সাজ সজ্জার কাজ শেষ মুহূর্তে

আগামী ২০ অক্টোবর থেকে শুরু হবে সনাতন ধর্মাবলম্বীদের সবচেয়ে বৃহৎ ধর্মীয় উৎসব দুর্গাপূজার আনুষ্ঠানিকতা। তাই ঝিনাইদহের পাড়া মহল্লাসহ প্রতিটা গ্রামের মণ্ডপে মণ্ডপে চলছে প্রতিমা তৈরি ও সাজ সজ্জার কাজ। জেলায় এবারে ৪৮৩টি মণ্ডপে দুর্গাপূজা অনুষ্ঠিত হবে।

আসন্ন দুর্গাপূজা উপলক্ষে ঝিনাইদহ জেলা প্রশাসক ও পুলিশ সুপার প্রস্তুতি হিসেবে পূজা উদযাপন পরিষদ, হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদসহ প্রতিটি পূজা কমিটির সাথে সামাজিক সম্প্রীতির সভা করেছেন। এবার সদরে ১১৯,শৈলকূপায় ১৩৭,হরিণাকুণ্ডুতে ৩৩,কালীগঞ্জে

৯৯,কোটচাঁদপুরে ৪৫ ও মহেশপুর উপজেলায় ৫৪টি মণ্ডপে দুর্গাপূজা অনুষ্ঠিত হবে।

অপ্রীতিকর ঘটনা এড়াতে মণ্ডপে মণ্ডপে থাকছে বাড়তি নিরাপত্তা ব্যবস্থা। প্রতিটা মন্দিরেই প্রতিমা সহ সাজসজ্জার কাজে ব্যস্ত সময় পার করছেন কারিগররা। প্রতিমা তৈরিতে চলছে শেষ মুহুর্তের রংতুলির আঁচড়ের কাজ।

এছাড়া আলোকসজ্জা ও প্যাণ্ডেল সাজানোর কাজও চলছে। শহরের কয়েকটি মন্দিরে গিয়ে দেখা যায় শেষ মুহুর্তের কাজে ব্যস্ত সময় পার করছেন প্রতিমা কারিগররা।

২০ অক্টোবর থেকে ২৪ অক্টোবর পর্যন্ত ঢাকের বাদ্যে মেতে উঠবে হাজারো সনাতন ধর্মাবলম্বীরা। দেবী দূর্গার আগমনে দূর হবে সকল অশুভ শক্তি। তাই ধর্ম বর্ণ নির্বিশেষে সবাইকে এ উৎসবে শামিল হওয়ার আহ্বান জানিয়েছে জেলা পূজা উদযাপন পরিষদ।
এদিকে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে প্রতিটি মণ্ডপে থাকবে পুলিশের নজরদারি সহ সিসি ক্যামেরা।

জেলা পূজা উদযাপন পরিষদের সাধারণ সম্পাদক বিনয় কৃষ্ণ বিশ্বাস বলেন, প্রতিমা তৈরীর কাজ প্রায় শেষের দিকে। এবারে জেলায় ৪৮৩টি মন্দিরে দুর্গাপূজা অনুষ্ঠিত হবে। আশা করছি উৎসবমুখর পরিবেশে আমরা অনুষ্ঠান পালন করতে পারবো।

পুলিশ সুপার মো: আজিম-উল-আহসান জানান, দুর্গাপূজা উদযাপনে শান্তি শৃংখলা বজায় রাখতে প্রতিটি পূজা মণ্ডপে সিসি ক্যামেরা, মন্দিরভিত্তিক স্বেচ্ছাসেবক দল গঠন, পুলিশী টহল জোরদার করা হয়েছে।

সনাতন ধর্মাবলম্বীদের সবচেয়ে বৃহৎ ধর্মীয় এই উৎসবে কোন বিশেষ গোষ্ঠী বা মহল কর্তৃক ধর্মীয় সম্প্রীতিতে আঘাত করলে তা তা কঠোর হস্তে দমন করা হবে। দুর্গাপূজাকে ঘিরে ফেসবুকসহ অন্যান্য সামাজিক যোগাযোগ মাধ্যমে গুজব ছড়িয়ে কেউ যাতে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি করতে না পারে সে বিষয়ে সরকারের নির্দেশনা অনুযায়ী আইন-শৃঙ্খলা বাহিনী কঠোর অবস্থানে থাকবে।

জেলা প্রশাসক এসএম রফিকুল ইসলাম জানান, সম্প্রীতি, ধর্মীয় ভাবগাম্ভীর্য, উৎসবমুখর, অত্যন্ত সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশ বজায় রেখে আসন্ন শারদীয় দুর্গাপূজা সম্পন্ন করা হবে। এ ব্যাপারে

ইতোমধ্যে জেলা প্রশাসনের পক্ষ থেকে সকল প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। সকলের মাঝে ধর্মীয় সম্প্রীতি বজায় থাকুক এটা আমাদের প্রত্যাশা।

ঝিনাইদহের মহেশপুরে প্রেমের সম্পর্কে করে বিয়ে; বিপাকে দম্পত্তি

ঝিনাইদহের মহেশপুর উপজেলায় যুবক-যুবতি প্রেমের সম্পর্কে বিয়ে করে পড়েছেন বিপাকে। শ্বশুর বাড়ির লোকজনের মিথ্যে মামলায় হয়রানীর শিকার হচ্ছেন বলে অভিযোগ তুলেছেন আব্দুর রহিম ও তার নববিবাহিত স্ত্রী নুসরাত জাহান তন্নী। বিয়ের পর তারা জীবন শঙ্কায় ভুগছেন বলে অভিযোগ তোলা হয়েছে।

অভিযোগে জানা যায়,ঝিনাইদহের মহেশপুর উপজেলার সামন্তা বাজারের নজরুল ইসলামের ছেলে আব্দুর রহিমের একই গ্রামের মো. নুর হোসেনের মেয়ে মোছা. নুসরাত জাহান তন্নীর সাথে প্রেমের সম্পর্ক গড়ে ওঠে। তন্নীর সাথে দীর্ঘদিনের সম্পর্কের এ কথা তার পরিবারকে জানালে তারা মেনে নিতে রাজি হয়নি। ফলে তারা পালিয়ে বিয়ে করেন। বিয়ের পর থেকেই শ্বশুর বাড়ির লোকজনের চাপে প্রতি মুহূর্তে মৃত্যু ভয়ে থাকতে হচ্ছে তাদের।

বিভিন্ন ভাবে তারা হুমকি দিয়ে যাচ্ছে। থানায় মিথ্যা অভিযোগ দায়ের করেছে। ইতিপূর্বে আলমডাঙ্গা থানা পুলিশের নিকট মিথ্যে অভিযোগ করেও হয়রানী করেছে।

আব্দুর রহিমের স্ত্রী নুসরাত জাহান তন্নী অভিযোগ করে বলেন, ‘আব্দুর রহিম আমার বাসার হোম টিউটর ছিলেন। সেখান থেকেই আমাদের সম্পর্ক হয়। সেটি আমার বাসায় জানালে বাসা থেকে কেউ মেনে নেয়নি। এরপর আমার কলেজ যাওয়া বন্ধ করে দেয়। আমার ফোনও নিয়ে নেয়। এভাবে আমি বাসায় ১৪ দিন থাকার পরে আলমডাঙ্গার কলেজপাড়া নানি বাড়ি পাঠিয়ে দেয়। সেখান থেকে আব্দুর রহিমের সাথে যোগাযোগ করে আমি

পালিয়ে স্বেচ্ছায় বিয়ে করেছি।’ সে আরো জানান, আমি ১৮ বছর পার করেছি। সরকারি আইনকে শ্রদ্ধা করি, আমি নিজ জ্ঞানে আব্দুর রহিমকে বিবাহ করেছি।

ঝিনাইদহের কোটচাঁদপুরে এমপি চঞ্চলের গণসংযোগ

বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনার স্মার্ট বাংলাদেশ বিনির্মানে আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন কে সামনে রেখে নৌকা মার্কায় ভোট চেয়ে হাটে বাজারে গণসংযোগ করেছেন আওয়ামী লীগ দলীও ঝিনাইদহ (৩) আসনের সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খান চঞ্চল।

আজ শনিবার (১৪ অক্টোবর) বিকেলে দলীয় নেতা কর্মীদের নিয়ে কোটচাঁদপুর উপজেলার সাফদারপুর ইউনিয়নের মকসেদ মোড়ে ও বাজারে নৌকা মার্কার গণসংযোগ করেন তিনি। সে সময় সংসদ সদস্য সরকারের বিভিন্ন উন্নয়ন মানুষের সামনে তুলে ধরেন। বলেন,দেশের উন্নয়ন এগিয়ে চলেছে। আর এ উন্নয়নের ধারা অব্যহত রাখতে নৌকা প্রতিকের কোনো বিকল্প নেই।

তিনি আরো বলেন, ইতোমধ্যে দেশের উন্নয়ন বাধাগ্রস্ত করতে, আবারও যড়যন্ত্র শুরু করেছে জামাত বিএনপি। এ সব ষড়যন্ত্র মোকাবিলা করতে হবে আমাদের। বঙ্গবন্ধু কন্যা জনগণের জন্য নিরলস ভাবে কাজ করে যাচ্ছেন। জননেত্রী শেখ হাসিনা হাত কে শক্তি শালী করতে আবারো নৌকা মার্কায় ভোট দিন।

এ সময় গণসংযোগে উপস্থিত ছিলেন, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি লুৎফর রহমান, সাফদারপুর ইউনিয়নে সাবেক চেয়ারম্যান নাছির উদ্দীন,সাংবাদিক শেখ ইসমাইল হোসেন, ছাত্র লীগ নেতা, প্রদীপ কুমার হালদার, রাব্বি হাসান, ওবায়দুল হক, মানিক, নয়ন সহ উপজেলা আওয়ামী লীগের সকল অঙ্গ সংগঠনে নেতা কর্মী উপস্থিত ছিলেন।

ঝিনাইদহের শৈলকুপায় দেশীয় আগ্নেয়াস্ত্রসহ গ্রেপ্তার ১

ঝিনাইদহের শৈলকুপা থেকে দেশীয় তৈরী আগ্নেয়াস্ত্রসহ এক সন্ত্রাসীকে গ্রেপ্তার করেছে ঝিনাইদহ র্যাব-৬। আজ শনিবার (১৪ অক্টোবর) র্যাব-৬, সিপিসি-২,ঝিনাইদহ ক্যাম্পের একটি আভিযানিক দল গোপন সংবাদের মাধ্যমে জানতে পারে যে, ঝিনাইদহ জেলার শৈলকুপা থানাধীন মালিথিয়া গ্রামে কতিপয় অস্ত্রধারী সন্ত্রাসী অবৈধ অস্ত্র নিয়ে মাদকদ্রব্য ক্রয় বিক্রয়ের উদ্দেশ্যে অবস্থান করছে।

প্রাপ্ত তথ্যের ভিত্তিতে আভিযানিক দলটি আইনগত ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে একই তারিখ রাত দেড়টার দিকে ঝিনাইদহ জেলার শৈলকুপা থানাধীন নতুনভুক্ত মালিথিয়া গ্রামস্থ অনন্ত স্টোর এর সামনে একটি বিশেষ অভিযান পরিচালনা করে কুখ্যাত অস্ত্রধারী সন্ত্রাসী নিরাপদ মন্ডল (৭০) কে গ্রেপ্তার।

সে একই উপজেলার তেতুলবাড়িয়া গ্রামের মৃত পঞ্চানন মন্ডলের ছেলে।

এ সময় উপস্থিত সাক্ষীদের সামনে গ্রেপ্তারকৃত আসামীর হেফাজত হতে ১ টি দেশীয় তৈরী আগ্নেয়াস্ত্র (পাইপগান) উদ্ধার পূর্বক জব্দ করা হয়। প্রাথমিক জিজ্ঞাসাবাদে আসামী আগ্নেয়াস্ত্র প্রদর্শন পূর্বক এলাকায় বিভিন্ন মাদক ব্যবসা, চাঁদাবাজি, রাহাজানীসহ বিভিন্ন সন্ত্রাসী কার্যক্রম পরিচালনা করার বিষয় স্বীকার করেছেন।

গ্রেপ্তারকৃত আসামীর নিকট থেকে জব্দকৃত আলামত শৈলকুপা থানায় হস্তান্তর করতঃ গ্রেপ্তারকৃত আসামীর বিরুদ্ধে অস্ত্র আইনে মামলা রুজু করা হয়েছে বলে জানান।

৬ দফা দাবীতে ঝিনাইদহ পৌর কাউন্সিলর এ্যাসোসিয়েশন সম্মেলন

বাংলাদেশ পৌর কাউন্সিল এ্যাসোসিয়েশন ঝিনাইদহ জেলা শাখার সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার (১৪ অক্টোবর) ঝিনাইদহ পৌরসভার মুসা মিয়া আইসিটি ইনকিউবেটর এন্ড ল্যাঙ্গুয়েজ সেন্টারে অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহ পৌরসভার কাউন্সিলর মহিউদ্দীনের সভাপতিত্ব অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন পৌরসভার মেয়র কাইয়ূম শাহরিয়ার জাহেদী হিজল।

এছাড়া অন্যান্যের মধ্যে বাংলাদেশ পৌর কাউন্সিল এ্যাসোসিয়েশনের কেন্দ্রীয় কমিটির সভাপতি ও ঝিনাইদহ পৌরসভার ৫ নং ওয়ার্ডের কাউন্সিলর সাইফুল ইসলাম মধু, মাধবদী পৌর সভার কাউন্সিলর ও কেন্দ্রীয় কমিটির নির্বাহী সভাপতি পরিমল চন্দ্র ঘোষ, সাধারণ সম্পাদক ও নাটোর পৌরসভার কাউন্সিলর জাহিদুর রহমান জাহিদ, কুষ্টিয়া পৌরসভার কাউন্সিলর ও কেন্দ্রীয় সহ-সভাপতি রিণা নাসরিন ও ঝিনাইদহ পৌরসভার নির্বাহী কর্মকর্তা মুস্তাক আহম্মেদসহ জেলার ৬ উপজেলার কাউন্সিলররা বক্তব্য রাখেন।

অনুষ্ঠানের প্রধান অতিথি ঝিনাইদহ পৌরসভার মেয়র কাইয়ূম শাহরিয়ার জাহেদী হিজল বলেন, পৌরসভার উন্নয়নে কাউন্সিলরদের ভুমিকা অপরসীম। ওয়ার্ডের ভোটাররা এলাকার উন্নয়নের জন্য যোগ্য ব্যক্তিকে নির্বাচিত করে থাকেন। কাজেই ওয়ার্ডের উন্নয়নে অপনাদের সহয়তা দরকার হয়। তিনি কাউন্সিলরদের ন্যায় সঙ্গত দাবীর প্রতি একাত্বতা প্রকাশ করে বলেন, তিনি কাউন্সিলরদের দাবী সরকারের উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে পৌছে দিবেন। সভায় কাউন্সিলরা পৌর কাউন্সিলরদের মাসিক সম্মানী ভাতা বৃদ্ধি, প্রতি ওয়ার্ডে কাউন্সিলরদের কার্যালয় নির্মান, পৌর কাউন্সিলরদের মন্ত্রনালয় থেকে পরিচয়পত্র প্রদান, সম্মান ও পদ মর্যাদা নির্ধারণ, পৌরসভার কর্মকর্তা কর্মচারীদের বেতন ভাতার ৮০ শাতাংশ সরকারের রাজস্ব তহবিল থেকে প্রদানসহ ৬ দফা দাবী তুলে ধরে তা দ্রুত বাস্তবায়নের আহবান জানানো হয়।

কোটচাঁদপুরে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালিত

“অসমতার বিরুদ্ধে লড়াই করি দুর্যোগ সহনশীল ভবিষ্যৎ গড়ি” এই প্রতিপাদ্য ঝিনাইদহের কোটচাঁদপুরে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস ২০২৩ ভুমিকম্প, অগ্নিকাণ্ড,বন্যা,বজ্রপাত বিষয়ক মহড়া র্যালি ও সচেতনতা বৃদ্ধিমুলক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার সকালে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি র্যালি বের হয়ে শহরের বিভিন্ন দিক প্রদক্ষিণ শেষে উপজেলা প্রশাসন ও দুর্যোগ ব্যাবস্থাপনা শাখা কোটচাঁদপুরের আয়োজনে অফির্সাস ক্লাব মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার উছেন মে এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নিরুপমা রায়,উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম, ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার আক্কাস আলী, এলাঙ্গী ইউনিয়ন চেয়ারম্যান মিজানুর রহমান খান, সাফদারপুর ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল মান্নান, দোড়া ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল জলিল বিশ্বাস, বলুহর ইউনিয়ন চেয়ারম্যান নজরুল ইসলাম, কুশান ইউনিয়ন চেয়ারম্যান শাহরুজ্জামান সবুজ, সাংবাদিক, নজরুল ইসলাম, আব্দুল্লাহ বাশার প্রমুখ।

অনুষ্ঠান পরিচালনা করেন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জহিরুল ইসলাম। সে সময় দুর্যোগ, ভুমিকম্প উপর চিত্রা অঙ্কন প্রতিযোগিতায় বিজয়ী দের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। এ সময় উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মরত কর্মকর্তা, ফায়ার সার্ভিসের সদস্য, শিক্ষার্থী, সাংবাদিক সহ বিভিন্ন শ্রেনী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে দুর্গাপূজা উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত

সর্বজনীন শরদীয় দুর্গাপূজা ২০২৩ উদযাপন উপলক্ষে ঝিনাইদহের কোটচাঁদপুরে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (১২ অক্টোবর) দুপুরে উপজেলা প্রশাসনের আয়োজনে অফির্সাস ক্লাব মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়।

প্রস্তুতি মূলক সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।

সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার উছেন মে। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, বীর মুক্তি যোদ্ধা সাবেক কমান্ডার তাজুল ইসলাম, মডেল থানার তদন্ত (ওসি) জগন্নাথ চন্দ্র, পৌর সভার প্যানেল মেয়র জাহিদ হোসেন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জহিরুল ইসলাম, উপজেলা আনসার প্রশিক্ষক সুমাইয়া আক্তার, এলাঙ্গী ইউনিয়ন চেয়ারম্যান মিজানুর রহমান খান, সাফদারপুর ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল মান্নান, দোড়া ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল জলিল বিশ্বাস, বলুহর ইউনিয়ন চেয়ারম্যান নজরুল ইসলাম, কুশান ইউনিয়ন চেয়ারম্যান শাহরুজ্জামান সবুজ, সাংবাদিক, নজরুল ইসলাম, সুব্রত কুমার আব্দুল্লাহ বাশার প্রমুখ। সে সময় পূজা মন্ডপের আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে করনীয় বিষয় তুলে ধরে গুরুত্বপূর্ণ আলোচনা করেন অতিথিরা।

এ সময় উপজেলার ৪৫ টি পূজা উদযাপন কমিটির সভাপতি-সম্পদক, ফায়ার সার্ভিসের সদস্য সহ উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মরত কর্মকর্তা কর্মচারী বৃন্দ উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে ৪৫টি মন্ডপে সাজসজ্জার কাজ শেষের দিকে, মন্ডপগুলোতে পাহারা

এ বছর কোটচাঁদপুরে ৪৫ টি মন্ডপে উদযাপন করা হবে শারদীয় দূর্গা উৎসব। মন্ডপগুলোর সাজসজ্জার কাজ শেষের দিকে। নিরাপত্তায় পাহারা চলছে মন্ডপে মন্ডপে। তবে এখনো পর্যন্ত কোন থিয়েট মনে করছেন না বলে জানিয়েছেন, কোটচাঁদপুর থানার পুলিশ পরিদর্শক (ওসি) সৈয়দ আল-মামুন।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়,এ বছর কোটচাঁদপুরে ৪৫ টি মন্ডপে উদযাপিত হবে শারদীয় দূর্গা উৎসব। তবে গেল বছরের থেকে এ বছর ১ টি পূজা কম হচ্ছে এ উপজেলায়। মন্ডপের সাজসজ্জার কাজ প্রায় শেষের দিকে।

অন্যদিকে নিরাপত্তা রক্ষায় স্বেচ্ছাসেবকরা ইতোমধ্যে মন্ডপে বসিয়েছেন পাহারা। সাথে রয়েছে গ্রাম পুলিশ। এ ছাড়া পুলিশের নজরদারী রয়েছে সার্বক্ষনিক বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা।

এ ব্যাপারে কোটচাঁদপুরের দ্যুতিয়ার কুটি পূজা মন্ডপের সভাপতি সাধন হালদার বলেন,মন্ডপের কাজ এখনো শেষ হয়নি। তবে আমরা এক সপ্তাহ ধরে পাহারা দিচ্ছি মন্ডপ। তিনি বলেন,এখানে কোন সমস্যা হয় না। আর কোন ভয় ও নাই। তারপরও সর্তকতার সঙ্গে আছি।

কোটচাঁদপুর দুধসরা পূজা মন্ডপের সভাপতি নিতাই রায় বলেন,রংঙ্গের কাজ এখনও হয়নি। তবে নিরাপত্তায় জন্য, পাহারা চলছে।কোন দিন কোন দূর্ঘটনা ঘটেনি। এরপর যদি কিছু হয়।

বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ কোটচাঁদপুর শাখার সাধারণ সম্পাদক রবীন্দ্রনাথ রায় বলেন,গেল বছর থেকে এ বছর একটি পূজা কম হচ্ছে। গেল বছর ৪৬ টি পূজা মন্ডপে শারদীয়া দূর্গা পূজা হয়েছিল। এ বছর ৪৫ টিতে অনুষ্ঠিত হবে। একটা মন্ডপে জায়গা নিয়ে সমস্যার করনে হচ্ছে না। এ বছর পৌর সভায় ২০ টি আর ইউনিয়ন পর্যায় ২৫ টি মন্ডপে এ পূজা

অনুষ্ঠিত হবে। পূজার প্রস্তুতি কেমন,এবং নিরাপত্তা নিয়ে কি ভাবছেন,এমন প্রশ্নে তিনি বলেন,সবগুলো পূজা মন্ডপ ঝুঁকিপূর্ন। আবার সবগুলোর অবস্থায় ভাল। এরপরও আমরা গেল এক সপ্তাহ ধরে স্বেচ্ছাসেবকদের দিয়ে পাহারা বসিয়েছি। কারন হিসেবে তিনি বলেন, গেল কয়েকদিন আগে ঝিনাইদহে পূজা মন্ডপে ভাংচুর হয়েছে।

পূজার প্রস্তুতি নিয়ে তিনি বলেন,আগামী ২০ অক্টোবর শারদীয়া দূর্গা পূজার ষষ্ঠী। এর মধ্যে অনেক মন্ডপের সাজসজ্জার কাজ শেষ করেছেন মন্ডপ কমিটি। কিছু বাকি থাকলেও খুব জোরেশোরে চলছে কাজ।

কোটচাঁদপুর থানার পুলিশ পরিদর্শক (ওসি) সৈয়দ আল-মামুন বলেন,নিঃছিদ্র নিরাপত্তার স্বার্থে গেল এক সপ্তাহ যাবৎ পূজা মন্ডল গুলোতে পাহারা বসানো হয়েছে। এর দায়িত্বে রয়েছেন,স্ব স্ব মন্দির কমিটির স্বেচ্ছাসেবক। এ ছাড়া রয়েছে গ্রাম পুলিশ। আর আমরা তদারকিতে আছি সার্বক্ষনিকভাবে। আমরা সবগুলো মন্ডল ঝুকিপূর্ণ মনে করছি,আবার সবগুলোর অবস্থাই ভাল। আমরা এখনও পর্যন্ত কোন থিয়েট মনে করছি না।

ঝিনাইদহ ছাত্রলীগের সভাপতির বিরুদ্ধে ব্যবসায়ীকে আটকে রেখে চাঁদা আদায়ের অভিযোগ

ঝিনাইদহে তরুণ-তরুণীর প্রেমের সম্পর্ক কে কেন্দ্র করে ব্যবসায়িকে মারধর, মোবাইল ছিনতাই ও আটকিয়ে রেখে অর্থ আদায়ের অভিযোগ উঠেছে ঝিনাইদহ জেলা ছাত্রলীগের সভাপতি সজিব হোসেনের বিরুদ্ধে।

গত ৬ অক্টোবর এই ঘটনাটি ঘটেছে এবং থানায় লিখিত অভিযোগ করেছে বলে জানান ভুক্তভোগী রড ব্যবসায়ী আসাদুজ্জামান। আসাদুজ্জামান ঝিনাইদহ সদর উপজেলার ফুরসুন্দি ইউনিয়নের সাবেক ইউপি সদস্য ও ইউনিয়ন শ্রমিকলীগের সভাপতি। ঘটনার বিবরণীতে জানা যায়, ঝিনাইদহ সদর উপজেলার পোড়াহাটি ইউনিয়নের ঘোড়ামারা গ্রামের সোহেল রানা’র কন্যা দীঘি’র সাথে ফেইসবুকের মাধ্যমে শেরপুর জেলার বাবু নামে এক

তরুনের প্রেমের সম্পর্ক গড়ে উঠে। গত ছয় মাস আগে এই সম্পর্ক চলাকালীন বাবু নানান ভাবে দীঘি’র নিকট থেকে মোটা অংকের টাকা বিকাশের মাধ্যমে নেয় বলে জানান, দীঘি’র বাবা সোহেল রানা। সম্পর্কের এক পর্যায়ে বিয়ে প্রতিশ্রুতি দিয়ে বাবু ঝিনাইদহে তরুণী দীঘির বাড়ি আসতে চাই এবং গত ৫ অক্টোবর বাবু ঝিনাইদহে দীঘির বাড়িতে আসে। দীঘির বাড়িতে আসার পর দীঘির বাবা তাৎক্ষণিক বাবুর কাছ থেকে ফোন নাম্বার নিয়ে বাবুর বাবা- মায়ের সাথে যোগাযোগ করে ঘটনা খুলে বলেন এবং তাদের ঝিনাইদহে আসতে বলেন।

বাবুর বাবা পরদিন ৬অক্টোবর শুক্রবার ঝিনাইদহে আসতে চান। সসময় বাবুর পরিবার কে ঝিনাইদহ বাসটার্মিনালে আনতে দীঘির বাবা ও তার পূর্ব পরিচিত ব্যবসায়ী আসাদুজ্জামান কে ফোন করে সোহেল রানা তার সঙ্গে যাবার জন্য অনুরোধ করেন। এসময় ব্যবসায়ী আসাদুজ্জামান তার দোকান বন্ধ করে সোহেল রানা’র সাথে ঝিনাইদহ বাস টার্মিনাল আসেন। আসাদুজ্জামান ঘন্টা খানেক অপেক্ষা করার পর ঝিনাইদহ জেলা ছাত্রলীগের সভাপতি সজিব হোসেন সহ অজ্ঞাতনামা আরও ১৪/১৫ জন আচমকা সোহেল রানা ও আসাদুজ্জামান কে প্রকাশ্যে মারধর শুরু করেন এবং তাদের কাছে থাকা মোবাইল ও আসাদুজ্জামানের কাছে থাকা নগদ ৫০ হাজার টাকা ছিনিয়ে নেন।

ঘটনার সময় বাবুর বাবা উপস্থিত ছিলেন বলে ভুক্তভোগীরা জানান। ছাত্রলীগ সভাপতি সজিব আসাদুজ্জামান কে উদ্দেশ্য করে বলে তোরা ঐ ছেলেকে আটকিয়ে রেখেছিস এতো বড় সাহস। ঐ ছেলেকে নিয়ে আয় না হলে শেষ করে দেবো। পরিস্থিতি সমাধানের করার জন্য আসাদুজ্জামান ফোন ফেরত নিয়ে পোড়াহাটি ইউনিয়ন আওয়ামী লীগ নেতা মমিন কে ফোন দিয়ে ঘটনাস্থলে আসতে বলেন। মমিন ঘটনাস্থলে আসার সঙ্গে সঙ্গে মমিনকেও মারধর করা হয় বলে মমিন জানান। মারধরের এক পর্যায়ে প্রেমিক বাবুকে বাড়ি থেকে এনে এবং সজিব কে আরো ২০ হাজার টাকা দিয়ে তারা ঘটনাস্থল ত্যাগ করেন। এছাড়া পরদিন ঝিনাইদহ সদর থানায় ছাত্রলীগ সভাপতি সজিব সহ অজ্ঞাত নামা আরো একাধিক ব্যক্তির নামে অভিযোগ দায়ের করেন।

এ ব্যাপারে পোড়াহাটি যুবলীগ নেতা মমিন বলেন, আমি ব্যক্তিগত ভাবে পোড়াহাটি ইউনিয়নের চেয়ারম্যান হিরন ভাইয়ের সমর্থক। হিরন ভাই এই বিষয়টি নিয়ে আমাকে বাড়াবাড়ি করতে নিষেধ করেছেন তাই আমি বাদী হয়নি। আর ঝামেলার জন্য সোহেল রানাকে বাদী হতে নিষেধ করেছি। যেহেতু আমরা তিন জনই ভুক্তভোগী তাই আমাদের পক্ষে আসাদুজ্জামান থানায় অভিযোগ দায়ের করেছেন। আমরা তিন জনই দীর্ঘদিনের ব্যবসায়ী।

তিনি আরো বলেন সজিবের বাড়ি শৈলকূপা উপজেলায়। তিনি ছাত্রলীগ সভাপতি হয়েও আমাদের পরিচয় দেওয়ার পরেও তার বিন্দু পরিমাণ সহানুভূতি পায়নি।

এঘটনায় আমাদের সাথে তার হিংস্র আচরণের প্রকাশ পেয়েছে। ছাত্রলীগ নেতার কাছে এমন আচরণ আশা করা যায় না। এছাড়া সজিবের বিরুদ্ধে রয়েছে নানা অভিযোগ, ঠিকাদারদের জিম্মি করে জোর করে সিডিউল দরপত্র কেনা বেচা, ঠিকাদারী, শালিস বাণিজ্যসহ দলীয় নেতা কর্মীদের সাথে অশোভন আচরণ তার নিত্য নৈমিত্তিক ঘটনা। এসব ঘটনার একাধিক ভিডিও অডিও ফাসঁ হওয়ার ফলে তা এখন টক অফদা টাউনে পরিনত হয়েছে। সাধারণ ছাত্র ও দলের নেতা কর্মীরা এর সুষ্ঠু বিচার চাই। নাম প্রকাশে অনিচ্ছুক একাধিক ছাত্র নেতারা জানান ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি আব্দুল হাই (এমপি)’র মদদ ও পৃষ্ঠপোষকতায় সজিব এধরণের কাজ কাম হর হামেসায় করতে থাকে। এ ব্যাপারে ঝিনাইদহ সদর থানার অফিসার ইনচার্জ শেখ মোহাম্মদ সোহেল রানা’র কাছে জানতে চাইলে তিনি বলেন, আমি অভিযোগ পেয়েছি তদন্ত চলছে। অভিযোগ প্রমানিত হলে সে যেই হোক তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। অপরাধ করে পার পাওয়ার সুযোগ নেই।

চাঁদাবাজির অভিযোগের ব্যাপারে ঝিনাইদহ জেলা ছাত্রলীগের সভাপতি সজিব হোসেন জানান, আমি চাদাঁবাজির ব্যাপারে কিছুই জানিনা, আপনাদের মাধ্যমে শুনছি থানায় অভিযোগ হয়েছে, কেন অভিযোগ করা হয়েছে তাও আমি জানিনা, পুলিশ জানালে বিষয়টি নিয়ে বিস্তারিত জানার চেষ্ঠা করবো।